



ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

১৯৫৫ সালে প্রতিষ্ঠিত

Job Category: Teaching/Academics

Job Source: [www.du.ac.bd](#)

Job Summary

Posted On: 8 Nov 2024

Application Deadline: 28 Nov 2024



ঢাকা বিশ্ববিদ্যালয় : সমাজবিজ্ঞান বিভাগের ০৩(তিন)টি স্থায়ী সহকারী অধ্যাপকের শূন্য পদ এবং ০৩(তিন) টি স্থায়ী প্রভাষকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল: সহকারী অধ্যাপক পদে ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা এবং প্রভাষক পদে ২২,০০০-৫৩,০৬০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

সহকারী অধ্যাপক পদের যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই সমাজবিজ্ঞান বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ সহ এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় প্রথম বিভাগ/ জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম স্থান/ সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৩ (তিন) বছরের শিক্ষাদানের অভিজ্ঞতা থাকতে হবে অথবা পোস্ট ডক্টরাল গবেষণক পদে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা অথবা কোন স্বনামধন্য গবেষণা সংস্থায় গবেষণক/বৈজ্ঞানিক কর্মকর্তা/সমতুল্য পদে ০৬ (ছয়) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচ.ডি. ডিগ্রিধারীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের অবশ্যই indexed/DOI (ডিজিটাল অবজেক্ট আইডেন্টিফায়ার) সম্বলিত মানসম্পন্ন জার্নালে কমপক্ষে ০৩ (তিন)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। প্রিডেটোরি জার্নালে প্রকাশিত কোনো প্রবন্ধ গ্রহণ করা হবে না। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট দেখুন)।

প্রভাষক পদের যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই সমাজবিজ্ঞান বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ সহ এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। যে সকল প্রার্থী স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম স্থান/ সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। যাদের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি এবং মানসম্মত প্রকাশনায় প্রবন্ধ আছে তাঁদের অগ্রাধিকার প্রদান করা হবে। প্রিডেটোরি জার্নালে প্রকাশিত কোনো প্রবন্ধ গ্রহণ করা হবে না। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে। ইতোপূর্বে যারা বিজ্ঞাপিত ০১ (এক)টি স্থায়ী প্রভাষক পদে আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করতে হবে। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলী প্রযোজ্য (বিস্তারিত জানার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

প্রত্যেক কপি আবেদনপত্রের সাথে সার্টিফিকেট, মার্কসীট, প্রশংসা পত্র ও অভিজ্ঞতার প্রমাণ পত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করে রেজিস্ট্রারের অনুকূলে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮(আট) কপি আবেদনপত্র রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর নিকট ২৮/১১/২০২৪ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

জি-১৭৮১/২৪ (৬'৪৪)